শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ


নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
বনপাড়া,নাটোর

টেলি: ০৭৭২৩-৫৬০৯৩,০৭৭২৩-৫৬০১১
ফ্যাক্স : ০৭৭২৩-৫৬২০৪
ই-মেইল :natorepbs2hq@yahoo.com
web Address: www.pbs2.natore.gov.bd


স্মারক স্মারক নং- ২৭.১২.৬৯১৫.৫১৩.০২.০০৮.২২. 0822

তারিখ- ২০ অগ্রহায়ন ১৪২৯ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

## আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি ।

নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্ন বর্ণিত শূণ্য পদ পূরনের লক্ষ্যে পদোন্নতির মাধ্যমে নিয়োগ/ প্যানেল তৈরীর নিমিত্তে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরত যে সকল কর্মচারী পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং নাটোর পল্লী বিদ্যুৎ সমিতি-এর কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ ইং) এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন ও অন্যান্য ভাতাদি | জেলা কোটা |
|---|---|---|---|---|
| ০১। | লাইন টেকনিশিয়ান | (ক) এস.এস.সি অথবা সমমান (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পাস সহ লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ০৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সহ মোট চাকুরীকাল কমপক্ষ্যে ১০ বছর হতে হবে।<br>(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মান, রক্ষনাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান প্রশিক্ষণ সম্পন্ন হতে হবে।<br>(ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা জ্ঞান থাকতে হবে।<br>(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও মৌলিক জ্ঞান থাকতে হবে।<br>(চ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>(ছ) অধীনস্থ লাইনক্রুগণকে সংগঠিত ও তত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>(জ) কম্পিউটার পরিচালনা সম্পর্কে জ্ঞান কাম্য।<br>(ঝ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী সর্বশেষ ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে। | পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে। | |

শর্তাবলী :

০১। আবেদন করার পদ্ধতি :

বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে খামের উপর পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম (খ) মাতার নাম (গ) পিতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগতযোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ট) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ সম্বলিত আবেদনপত্রসহ লাইন টেকনিশিয়ান পদের জন্য আগামী ২৪/১২/২০২২ খ্রিঃ যথাক্রমে সকাল ১০:০০ ঘটিকায় নাটোর পবিস-২ সদর দপ্তর, বনপাড়া, নাটোর এই ঠিকানায় উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

০২। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি সংযুক্ত করতে হবে-

উল্লেখ্য-সকল ছবি ও ফটোকপি এজিএম (এইচ আর / প্রশাসন ) কর্তৃক সত্যায়িত হতে হবে।

(ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

(খ) সর্বশেষ ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি।

(গ) বর্তমান পদের চাকুরীতে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত।

(ঘ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ ও ৩০০-০৮ অনুযায়ী সকল প্রশিক্ষণে উত্তীর্ণ ফলাফলের সত্যায়িত ফটোকপি।

নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।

(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার কর্তৃক বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ ( যদি থাকে) এবং বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়া/ফৌজদারী মামলা চলমান আছে কি-না তা উল্লেখ পূর্বক ছাড়পত্র প্রদানে অনাপত্তির সনদ।

০৩। পদোন্নতির ক্ষেত্রে নাটোর পবিস-২ কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৪। অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দের স্বামী/স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই ।

০৫। পদোন্নতির ক্ষেত্রে প্রার্থীর মেধা ও কর্মদক্ষতা, সকল প্রশিক্ষণে উত্তীর্ণ, সততা এবং জ্যেষ্ঠতাকে প্রাধান্য দেয়া হবে।

০৬। প্রার্থী বর্তমান পদে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে উক্ত ঠিকানায়ই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।

০৭। সর্বশেষ ০৩(তিন) বছরের মধ্যে কোন গুরুদন্ড অথবা সর্বশেষ ০১(এক) বছরের মধ্যে কোনরুপ লঘুদন্ড অথবা বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে একের অধিকবার গুরুদন্ড অথবা বিগত ০৪(চার) বছরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড অথবা বিগত ০৩ (তিন) বছরের মধ্যে একের অধিক লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন অথবা পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য ঘোষিত হয়েছেন অথবা কর্মরত দপ্তর কর্তৃক বিভাগীয় ফৌজদদারী মামলা চলমান আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৮। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিকভাবে ০১ (এক) বৎসরের জন্য "চলতি দায়িত্ব" হিসেবে নিয়োগ দেয়া হবে। প্রার্থীকে "চলতি দায়িত্ব" থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক হওয়া এবং অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি অথবা নির্দেশিকা অনুযায়ী প্রযোজ্য সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।

০৯। বর্ণিত পদে প্রার্থীকে নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন / প্রত্যাখান করতে পারবেন না ।

১০। কোন প্রার্থী তথ্য গোপন করে যদি নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

১১। নির্বাচনী সাক্ষাৎকারে অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। "চলতি দায়িত্ব " থাকাকালীন সর্বশেষ বেতনের প্রত্যয়নপত্র মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

১৩। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ের উদ্রেক হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

৫/১২/২০২২

(মোঃ মোমীনুল ইসলাম)

জেনারেল ম্যানেজার ।

অনুলিপিঃ- বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো):

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা ( সদয় অবগতির জন্য)।

০২। পরিচালক,পবিস মনিটরিং ব্যাঃপঃ(পঃঅঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাপবিবো, ঢাকা ।

০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজোর............................................ পবিস-১/২/৩/৪।

০৪। ডেপুটি জেনারেল ম্যানেজার ( কারিগরী-সদর)/চারঘাট/গুরুদাসপুর/লালপুর/ বাঘা জোনাল অফিস, নাপবিস-২।

০৫। এজিএম ( অর্থ/ইএন্ডসি/ওএন্ডএম/সদস্য সেবা), নাপবিস-২।

০৬। নোটিশ বোর্ড, নাপবিস-২।

০৭। অফিস কপি/ মাষ্টার ফাইল ।

Kaut
৫/১২/২২

(মোছাঃ কানিজ ফাতিমা)

এজিএম (এইচআর)।